নারী ও শিশুর প্রতি সহিংসতা বন্ধে সম্মিলিতভাবে কাজ করতে হবে

বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও কুষ্টিয়া ২ (মিরপুর-ভেড়ামারা) আসনের বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী বলেছেন, নারী ও শিশুর প্রতি সহিংসতা বন্ধে আমাদের সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। শুধু আইন প্রয়োগ নয়, প্রয়োজন সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন।

রবিবার সকালে কুষ্টিয়ার মিরপুরে নারী ও শিশু অধিকার ফোরাম ভেড়ামারা এবং মিরপুর উপজেলা শাখার নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন।

রাগীব রউফ চৌধুরী বলেন, নারী ও শিশুর প্রতি সহিংসতা শুধু একটি ব্যক্তিগত সমস্যা নয়, এটি একটি সামাজিক ব্যাধি। এই সমস্যা সমাধানে আইন প্রয়োগের পাশাপাশি আমাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন প্রয়োজন। পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজের প্রতিটি স্তরে সচেতনতা গড়ে তুলতে হবে।

তিনি আরও বলেন, এ ধরনের ফোরামগুলো সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে। আমি তাদের পাশে আছি এবং সব ধরনের সহযোগিতার আশ্বাস দিচ্ছি।

সভায় উপস্থিত নেতৃবৃন্দ নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে বর্তমান চ্যালেঞ্জ ও করণীয় বিষয়গুলো তুলে ধরেন।

রাগীব রউফ চৌধুরী সমাজে মানবাধিকার প্রতিষ্ঠায় নারী ও শিশুদের নিরাপত্তা এবং ক্ষমতায়নের ওপর গুরুত্বারোপ করেন।

সভায় অংশগ্রহণকারীরা বিভিন্ন প্রস্তাব ও কার্যকর উদ্যোগ নিয়ে আলোচনা করেন এবং ভবিষ্যতে সমন্বিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় উপস্থিত ছিলেন নারী ও শিশু অধিকার ফোরাম কুষ্টিয়া জেলা শাখার আহ্বায়ক এ্যাডভোকেট মোহাম্মদ ইকবাল খান, জেলা শাখার সদস্য সচিব কাউছার আজম, সিনিয়র যুগ্ন আহবায়ক ইশতিয়াক মাহমুদ,

যুগ্ন আহবায়ক রাজিবুল ইসলাম,মাসুমা খাতুন, মাহির আলী, ভেড়ামারা উপজেলা শাখার আহ্বায়ক আসিফ হাসান,সদস্য সচিব জান্নাতুল ফেরদৌস, যুগ্ন আহবায়ক, যুগ্ম আহ্বায়ক এস এম রওনক, জিনিয়া খাতুন, ফয়সাল আহমেদ রানা, সদস্য রুবেল আলম, ফারুক হোসেন সহ অন্যান্য নেতৃবৃন্দ।

সভায় উপস্থিত নেতৃবৃন্দ বলেন, নারী ও শিশুদের অধিকার প্রতিষ্ঠায় তারা স্থানীয় পর্যায়ে সচেতনতা কার্যক্রম, আইনি সহায়তা এবং পুনর্বাসনের কাজ চালিয়ে যাচ্ছেন। ভবিষ্যতে রাগীব রউফ চৌধুরীর সঙ্গে সমন্বিতভাবে আরও কার্যকর উদ্যোগ নেওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

সভায় দেশনায়ক তারেক রহমান ঘোষিত ৩১ দফা সহ সমাজে নারী ও শিশু অধিকার নিশ্চিত করনে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এরা হলেন, নারী ও শিশু নির্যাতন দমন আইন মামলার আসামি আমঝুপি গ্রামের আব্বাছ আলীর ছেলে রাইহান আলী, থানার মামলা নং ১১, ফেনসিডিল মামলার আসামি খোকশা গ্রামের শহিদুল ইসলামের ছেলে টনিক(৩৫), হেরোইন মামলা নং ১৩, তারিখ ৬/৮/২০২২ এর আসামি মোনাখালি গ্রামের দিন মহাম্মদের ছেলে ইন্নাত আলী, হাজিরুল ইসলামের ছেলে নাহিদ হোসেন, মামলা নং ১৩, তারিখ ০৬-০৮-২২ এর আসামী দারিয়াপুর গ্রামের মুন্না আযমের ছেলে সাব্বির আহম্মেদ ও হেরোইন বিক্রির অভিযাগে পুলিশের দায়ের করা মামলা নং ১২, তারিখ ০৬/০৮/২০২২ এর আসামি আমদহ গ্রামের আব্দুল হান্নানের ছেলে সবুজ হোসেন।নিজস্ব প্রতিবেদক:

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন

আহম্মেদের নেতৃত্বে পুলিশের একাধিক ইউনিট শনিবার সকাল থেকে আজ রবিবার (৭ আগষ্ট) ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (৭ আগষ্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।